

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 05-12-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Tripura NCC Fest-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যে নেশা মুক্ত ত্রিপুরা গড়ার অভিযান এবং বিপর্যয় মোকাবিলায় এন.সি.সি ক্যাডেটরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। গতকাল নরসিংগড়ের ত্রিপুরা ইনস্টিটিউট অফ টেকনোলজির এ.পি.জে আব্দুল কালাম অডিটরিয়ামে দু'দিনব্যাপী ত্রিপুরা এন.সি.সি ফেস্ট ও প্রদর্শনী উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, জীবন গঠনে শৃঙ্খলা অপরিহার্য। এনসিসি দেশাত্মবোধ ও শৃঙ্খলার পাঠ দেয়। তাই ছাত্রছাত্রীদের আরো বেশি করে এনসিসিতে আসা উচিত।

#####CM Byte#####

১৫ নম্বর ব্যাটেলিয়ন এনসিসি-র শিলচর ডিভিশনের আওতায় পরিচালিত রাজ্যস্তরের প্রশিক্ষণ শিবিরের অঙ্গ হিসেবে আয়োজিত এই ফেস্টে সারা রাজ্য থেকে এক হাজারের বেশি ক্যাডেট অংশগ্রহণ করেছেন। প্রদর্শনীতে এন.সি.সি ফেস্টের প্রদর্শনী পর্বে সূচনা করেন। সেখানে এন.সি.সি, সামরিক ও আধাসামরিক বাহিনী, ট্রাফিক পুলিশ, পাশাপাশি বিশালগড়ের রবীন্দ্রনাথ ঠাকুর মহাবিদ্যালয়, কৈলাসহর রামকৃষ্ণ মহাবিদ্যালয়, ইকফাই বিশ্ববিদ্যালয়, টি.আই.টি নরসিংগড়, রাবার বোর্ড, বিপর্যয় মোকাবিলা বিভাগ এই প্রদর্শনীতে অংশগ্রহণ করেন।

Agriculture Minister :

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন রাজ্য সরকারের লক্ষ্য হচ্ছে ২০৩০ সালের মধ্যে রাজ্যের মানুষের মাথা পিছু বার্ষিক আয় ৩ লক্ষ ৭০ হাজার টাকায় পৌঁছে দেওয়া। গতকাল খলাই জেলার সালেমাতে উদ্ভিদ জাত সংরক্ষণ ও কৃষকদের অধিকার (PPV & FR আইন) সম্পর্কিত কর্মশালা ও অন্নদাতা কৃষকদের মধ্যে বিভিন্ন কৃষি যন্ত্রপাতি, আলু বীজ বিতরণ কর্মসূচির উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্য সরকার ক্ষমতায় আসার পর রাজ্যের জনগনের মাথা পিছু গড় আয় বেড়ে হয়েছে ১ লক্ষ ৯৮ হাজার টাকা। তিনি বলেন, রাজ্যের অর্থনীতিতে কৃষকরাই প্রধান ভূমিকা পালন করছে। কৃষিক্ষেত্রে দ্রুত আধুনিকীকরণের উপর জোর দিয়ে বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ভারতকে বিশ্বের শস্য ভান্ডার হিসেবে গড়ে তোলার দৃষ্টিভঙ্গিকে সমর্থন করার জন্য স্বনির্ভর কৃষি অপরিহার্য।

Unity Promo Fest:

আগামী ১ থেকে দেড় বছরের মধ্যে ত্রিপুরা শুধু উত্তর-পূর্বাঞ্চল নয়, গোটা ভারতবর্ষের পর্যটন মানচিত্রে একটি বিশেষ স্থান দখল করবে। ইতিমধ্যেই বিদেশি পর্যটকদের আগমনের ক্ষেত্রে উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে সিকিমের পর দ্বিতীয় স্থানে রয়েছে ত্রিপুরা। গতকাল সিপাহীজলা জেলার রাজঘাটে পঞ্চম পর্বের ইউনিটি প্রমো ফেস্ট ২০২৫-এর সূচনা করে একথা বলেছেন পর্যটনমন্ত্রী সুরশান্ত চৌধুরী। অনুষ্ঠানে উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ বলেন, নীরমহলে প্রমো ফেস্টের মাধ্যমে রাজ্যের পর্যটন গোটা বিশ্বের মানচিত্রে পরিচিতি পাবে। অনুষ্ঠানে অন্যদের মধ্যে ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুরপ্রিয়া দাস দত্ত, বিধায়ক বিন্দু দেবনাথ, অন্তরা সরকার দেব, অতিরিক্ত

জেলাশাসক, পুলিশ সুপার, দপ্তরের সচিব, অধিকর্তা সমেত বিশিষ্টরা। দুদিন ব্যপী এই প্রমো ফেস্টকে ঘিরে মানুষের মধ্যে ব্যপক উৎসাহ পরিলক্ষিত হয়েছে।

Civil Aviation Minister:

দেশজুড়ে ইন্ডিগো বিমান সংস্থার বিমান চলাচলের বিঘ্ন দূর করার উদ্দেশ্যে গতকাল নয়াদিল্লিতে Directorate General of Civil Aviation-DGCA অসামরিক বিমান চলাচল মন্ত্রী রাম মোহন নাইডুর সঙ্গে পর্যালোচনা বৈঠক করেছে। বৈঠকে, অসামরিক বিমান চলাচল মন্ত্রণালয়ের শীর্ষকর্মকর্তাগণ এবং ইনডিগো বিমানসংস্থার শীর্ষ নেতৃত্ব অংশগ্রহণ করেন। উল্লেখ করা যেতে পারে গত নভেম্বরের শেষ সপ্তাহ থেকে ইন্ডিগো বিমান সংস্থা তার নেটওয়ার্কে বড় ধরনের বিঘ্ন ঘটিয়েছে। বিমানসংস্থাটি প্রতি দিনে প্রায় ১৭০ থেকে-২০০টির মত ফ্লাইট বাতিল করছে, যা স্বাভাবিক স্তরের চেয়ে অনেক বেশি।

PM / Putin:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নয়াদিল্লিতে ভারত সফররত রুশ রাষ্ট্রপতি ভ্লাদিমির পুটিনের সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনায় বসবেন। উভয় নেতা পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয় ও আঞ্চলিক বৈশ্বিক বিষয় নিয়ে মতবিনিময় করবেন। উভয় দেশের মধ্যে বাণিজ্য, অর্থনীতি, স্বাস্থ্যসেবা, শিক্ষা, সংস্কৃতি এবং মিডিয়া সম্পর্কিত ক্ষেত্রগুলি সহ বেশ কিছু চুক্তি স্বাক্ষরিত হবে বলে আশা করা হচ্ছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ রাষ্ট্রপতি ভবনে রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুটিনকে অভ্যর্থনা জানাবেন এবং তাঁর সম্মানে নৈশ ভোজসভার আয়োজন করবেন।

Classical Music :

আগামীকাল ও ৭ই ডিসেম্বর আগরতলা মুক্তধারা অডিটোরিয়ামে 'Classic' Organization-এর উদ্যোগে দুইদিনব্যাপী শাস্ত্রীয় সংগীত ও নৃত্য উৎসব অনুষ্ঠিত হবে। সংগঠনের সম্পাদক তাপস ভট্টাচার্য গতকাল আগরতলা প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, সাধারণত আকাশ পরিষ্কার থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩.২ ডিগ্রি সেলসিয়াস।
